কুষ্টিয়ায় সাংবাদিকের ওপর হামলার ঘটনায় মামলা দায়ের

কুষ্টিয়ায় আদালত চত্বরে আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমানের ওপর হামলার ছয় বছর পর তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রধান আসামি করে কুষ্টিয়া মডেল থানায় মামলা দায়ের হয়েছে।

আজ বৃহস্পতিবার (১০ অক্টোবর) দুপুরে মাহমুদুর রহমান বাদী হয়ে কুষ্টিয়া মডেল থানায় মামলাটি দায়ের করেন।

মামলার প্রধান আসামি শেখ হাসিনা ছাড়াও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ, জাসদ সভাপতি হাসানুল হক ইনু, সাবেক আইজিপি জাবেদ পাটোয়ারী, কুষ্টিয়ার তৎকালীন পুলিশ সুপার মেহেদী হাসানসহ এজাহারনামীয় ৪৭ জনসহ অজ্ঞাত আরও বেশ কয়েকজনকে আসামি করা হয়েছে।

এ বিষয়ে কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহফুজুর হক চৌধুরী বলেন, বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

এ সময় সাংবাদিকদের উদ্দেশে আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমান বলেন, ২০১৮ সালের ২২ জুলাই আমার ওপর যে হামলার ঘটনা ঘটেছিল ওই ঘটনায় শেখ হাসিনাকে প্রধান আসামি করে কুষ্টিয়া মডেল থানায় মামলা দায়ের করেছি। আশা করব ইন্টারপোলের মাধ্যমে শেখ হাসিনাকে ফিরিয়ে আনা হোক।

এর আগে ২০১৮ সালের ২২ জুলাই বিকেল সাড়ে ৪টার দিকে কুষ্টিয়ায় আদালত থেকে মানহানির মামলায় জামিন নিয়ে বের হওয়ার সময় মাহমুদুর রহমানের ওপর হামলা করা হয়। আদালত প্রাঙ্গণ ছাড়ার সময় লাঠি ও ইটের আঘাতে তিনি আহত হন। তাকে বহনকারী গাড়ির গ্লাসও ভেঙে ফেলা হয়। পরে বিকেল ৫টার দিকে আদালত প্রাঙ্গণ থেকে অ্যাম্বুলেন্সে করে মাহমুদুর রহমান ও তার সহযোগীরা ঢাকার উদ্দেশে রওয়ানা হন।

কোটচাঁদপুরে জামায়াতের সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলায় কর্মরত সাংবাদিকদের সঙ্গে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
আজ শনিবার (৫অক্টোবর) সকাল ১১ টার সময় কোটচাঁদপুর উপজেলা জামায়াতে ইসলামীর আয়োজনে শহরের দুধসারা রোডে আল ফালাহ ইসলামি সেন্টার ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর উপজেলা কার্যালয়ে উপজেলা জামায়াতের আমীর মোঃ আজিজুর রহমান মাস্টারের সভাপতিত্বে উপজেলা জামায়াতের সেক্রেটারি প্রফেসর মোঃ শরিফুল ইসলাম এর পরিচালনায় জামায়াতের মিডিয়া সম্পাদক মোঃ শাহাবুদ্দিন খান এর সঞ্চালনায় এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর মহেশপুর ঝিনাইদহ ৩ আসন থেকে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ঝিনাইদহ জেলা নয়েবে আমির অধ্যাপক মোঃ মতিয়ার রহমান।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা জামায়াতের আমীর আজিজুর রহমান।
প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক মোঃ মতিয়ার রহমান বলেন আপনারা সাংবাদিক জাতির দর্পণ। বিগত সৈরশাসন আমলে আপনাদের কন্ঠরোধ করা হয়েছে। সত্য তুলে ধরলেই সাংবাদিকদের নামে মিথ্যা মামলা দায়ের সহ খুন গুম করা হয়েছে। এখন থেকে আপনারা সত্যটা তুলে ধরবেন আপনাদের সাথে আমরা আছি। আপনাদের সাথেই থেকে সমাজ থেকে মাদক চাঁদাবাজ সন্ত্রাসী দূর্নীতিবাজদের মুখোশ উন্মোচন করে তাদের কে উৎখাত করা হবে। আপনারা আমাদের সাথে থাকলে সঠিক সংবাদ পরিবেশন করা হলে সমাজ থেকে সকল দুর্নীতি বন্ধ করা সম্ভব হবে বলে মনে করি।
এসময় উপস্থিত ছিলেন সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ মোয়াবিয়া হোসাইন, উপজেলা বায়তুলমাল সম্পাদক মোঃ রেজাউল ইসলাম সহ কোটচাঁদপুর উপজেলা প্রেস ক্লাবের সাংবাদিক বৃন্দ।

ইতিবাচক মনোভাব তৈরি করে আসুন পুলিশ সাংবাদিক এক সাথে কাজ করি

৫ আগস্টের পর মেহেরপুরে যে ঘটনা ঘটেছে তা টোটাল বাংলাদেশের খণ্ডচিত্র। তার একটি প্রভাব এখানে হবে এটাই স্বাভাবিক। আপনাদের সকলের কমবেশি অবদানের কারণে মেহেরপুরে মেহেরপুরে বড় ধরণের অপ্রিতিকর ঘটনা ঘটেনি। তিনি বলেন, আমি এখন বেশি কিছু বলবোনা। আগে একটু বুঝে নিই তারপর আপনাদের মতামতগুলো নিয়ে কাজ করবো।

সাংবাদিকদের তথ্য চাওয়া নিয়ে তিনি বলেন, জেলার মানুষকে ভালো রাখার জন্য সংবাদ প্রকাশের জন্যই শুধু তথ্য না চেয়ে পুলিশকে তথ্য দিয়ে সহযোগীতার করুন। ইতিবাচক মনোভাব তৈরি করে পুলিশ সাংবাদিক এক সাথে কাজ করলে ভালো ফলাফল বয়ে আনবে। তিনি বলেন, ইতোমধ্যে পুলিশ পেট্রলিং শুরু করা হয়েছে। খুব দ্রুত আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক হবে।

আজ বৃহস্পতিবার দুপুরে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে মেহেরপুরে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় কালে নবাগত পুলিশ মাকুসদা আকতার খানম, পিপিএম এসকল কথা বলেন।

পুলিশ সুপার মাকসুদা আকতার খানমের সভাপতিত্বে সাংবাদিকদের মধ্যে বক্তব্য দেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, বাংলাভিশন প্রতিনিধি তুহিন আরন্য, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, কালবেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফি, আমাদের অর্থনীতি প্রতিনিধি মাসুদ রানা, এখন টিভি প্রতিনিধি মুজাহিদ আল মুন্না, লাখোকণ্ট প্রতিনিধি রফিকুল ইসলাম বকুল, তৃতিয় মাত্রা প্রতিনিধি তোফায়েল আহমেদ ।

মতবিনিময় সভায় অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, সহকারী পুলিশ সুপার আব্দুল করিম উপস্থিত ছিলেন।

দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে মানববন্ধন

দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে দৈনিক আমারদেশ পত্রিকার সম্পাদক প্রকাশক মাহামুদুর রহমানের নিঃশর্ত মুক্তি ও মিথ্যা মামলার দাবিতে দর্শনা প্রেসক্লাবের সামনে মানববন্ধন অনুষ্টিত হয়েছে।

আজ বুধবার (২ অক্টোবর) বিকাল ৫ টার দিকে দর্শনা প্রেসক্লাবের সামনে সাংবাদিকরা এ মানববন্ধন করেছে।

দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুলের সভাপতিত্বে বক্তব্য রাখেন, দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক ওসমান আলী, সাবেক সভাপতি দৈনিক ইত্তেফাক পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মনিরুজ্জামান ধীরু, সাবেক সভাপতি আওয়াল হোসেন, দৈনিক সংগ্রামের চুয়াডাঙ্গা প্রতিনিধি এফ এ আলমগীর হোসেন, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজুহা পলাশ, ভোরের আকাশের চুয়ডাঙ্গা প্রতিনিধি শিরিন জামান, জীবননগর সাংবাদিক সমিতির সাবেক সভাপতি ফয়সাল মাহাতাব মানিক, দর্শনা প্রেসক্লাবের সাবেক সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন, নজরুল ইসলাম, গণ উন্নয়ন গ্রন্থকারের পরিচালক আবু সুফিয়ান, হাসমত আলী, ইমতিয়াজ আহম্মেদ রয়েল, ফরহাদ হোসেন, ওয়াসিম রয়েল, আব্দুল হান্নান, আরিফুল ইসলাম মিলন, সাব্বির আলিম প্রমুখ।

এ সময় দর্শনা, দামুড়হুদা ও জীবননগর প্রেসক্লাবের সাংবাদিকরা বক্তব্য বলেন, আমারদেশ পত্রিকার সম্পাদক প্রকাশকের ২৪ ঘন্টার মধ্যে নিঃশর্ত মুক্তি ও মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানান।

এ মানববন্ধনটি পরিচালনা করেন দর্শনা সাংবাদিক সমিতির সাধারন সম্পাদক হানিফ মন্ডল।

দামুড়হুদায় সাংবাদিকদের সাথে নবাগত ইউএনওর মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলায় কর্মরত সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা করেছে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল।

আজ বৃহস্পতিবার বিকেল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন নবাগত দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল।

দামুড়হুদা উপজেলা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বক্তব্য রাখেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি মোঃ শামসুজ্জোহা পলাশ, সাধারণ সম্পাদক মুরশেদ বীর ফয়সাল তানজির, সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, যুগ্ন সম্পাদক সাজিদ হাসান সোহাগ, নির্বাহী সদস্য মেহেদী হাসান মিলন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের দপ্তর সম্পাদক এসএম সুজন, নির্বাহী সদস্য তাছির আহমেদ, হাবিবুর রহমান, সদস্য শাহাজালাল বাবু, হেলাল উদ্দিন, এম ডি কে সুলতান, সাংবাদিক হাতেম আলী, আল সাফায়েত হোসেন প্রমুখ।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল বলেন, সাংবাদিকরা সমাজের দর্পন। আর আমার একার পক্ষে এ উপজেলার সমস্ত বিষয়ে খোঁজখবর রাখা সম্ভব নাই। সাংবাদিকদের বস্তু, নিষ্ঠ লেখনীর মাধ্যমে পুরো উপজেলার চিত্র দেখতে চাই। তিনি আরো বলেন, এ উপজেলার সাংবাদিকরা সাহসের সাথে সঠিক, সত্য যাচায় করে সত্য প্রচার করবে। তাতে যদি কোনো সাংবাদিক কে যেকেউ বিপদে ফেলার চেষ্টা করে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে। সাংবাদিকরা সমাজের দর্পণ তারা সব সময় সত্যের পক্ষ থেকে রাষ্ট্রের সমস্যা চিহ্নিত, ও তা দূরীকরণে কাজ করবে এমনটা প্রত্যাশা করেন তিনি।

নবাগত জেলা প্রশাসকের সাথে চুয়াডাঙ্গার গণমাধ্যমকর্মীদের মতবিনিময়

চুয়াডাঙ্গা নবাগত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ জহিরুল ইসলাম এর সাথে জেলার গণমাধ্যমকর্মীদের মতবিনিময় ও পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১১ টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে জেলার গণমাধ্যম কর্মীদের সাথে পরিচিতি হোন নবাগত জেলা প্রশাসক। এরপর জেলা সমস্যা সম্ভাবনা নিয়ে বিভিন্ন বিষয় তুলে ধরেন নবাগত জেলা প্রশাসকের কাছে গণমাধ্যম কর্মীরা।

এসময় গণমাধ্যম কর্মীদের মধ্যে জেলার সমস্যা ও সম্ভাবনা নিয়ে বিভিন্ন বিষয় তুলে ধরেন, দৈনিক পঞ্চিমাঞ্চলের সম্পাদক ও চুয়াডাঙ্গা সাংবাদিক ঐক্য পরিষদের আহ্বায়ক আজাদ মালিতা, চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের সভাপতি ও কালের কণ্ঠের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি অ্যাড. মানিক আকবর, চুয়াডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি ও চ্যানেল আই চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি রাজিব হাসান কচি, দৈনিক সময়ের সমীকরণের প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন, জিটিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি রিফাত রহমান, চ্যানেল-২৪ টিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি রেজাউল করিম লিটন, বাংলা টিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি মামুন মোল্লা, এস এ টিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি বিপুল আশরাফ, ডিবিসি টেলিভিশনের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি কামরুজ্জামান সেলিম, প্রথম আলোর চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি শাহ আলম সনি, এন টিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি রফিকুল ইসলাম, দৈনিক সংগ্রামের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি এফ.এ আলগীর, দৈনিক শেয়ারবিজ পত্রিকার চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি মফিজুর রহমান জোয়ার্দ্দার, চুয়াডাঙ্গা স্থানীয় দৈনিক সময়ের সমীকরণ নিজস্ব প্রতিবেদক ও আজকের পত্রিকার চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি মেহেরাব্বিন সানভি, দৈনিক আকাশ খবরের নিজস্ব প্রতিবেদক শেখ লিটন, এখন টিভি চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি অনিক চক্রবর্তী, প্রমুখ।

শেষে নবাগত চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন, সবার সহযোগীতা পেলে চুয়াডাঙ্গা নতুন ভাবে গড়া যাবে। চুয়াডাঙ্গার বিভিন্ন যে উন্নয়ন মূলক যে প্রকল্প হয়। ওই প্রকল্প গুলো যাতে সঠিক ভাবে বাস্তবায়ন হয় তা নজরদারি করা হবে। স্বচ্ছ থেকে প্রতেকটা কাজ অব্যাহত থাকবে। এই জেলার সব সরকারি দপ্তর যেন ভালোভাবে দূর্নীতি মুক্ত করে সুন্দর ভাবে কাজ করে সে জন্য দেখভাল করা হবে। জেলার সব সমস্যা সম্ভাবনা নিয়ে কাজ করা হবে। সব কাজে সবার সহযোগীতা চাই। তথ্য আদান প্রদানের জন্য সবাইকে স্বচ্ছ থাকতে হবে। নতুন ভাবে পরিবর্তন করতে হবে সব কিছু। কেউ কোন দপ্তরের কোন কর্মকর্তা যদি অনৈতিক কাজ করে তাহলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

সভায় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মিজানুর রহমান, স্থানীয় সরকারের উপপরিচালক শারমিন আক্তার, সিনিয়র সহকারী কমিশনার রেজওয়ানা নাহিদ, সহকারী কমিশনার সাইফুল ইসলাম সাইফ, প্রমুখ।

মুজিবনগরে সরকারি চাল চুরির বিষয়ে উপজেলা বিএনপির সংবাদ সম্মেলন

মুজিবনগরে খাদ্য বান্ধব কর্মসূচির আওয়াতায় হতদরিদ্রের ৬৬ বস্তা (৩৩শ) কেজি চাল চুরি যাওয়ার ব্যাপারে সংবাদ সম্মেলন করেছে মুজিবনগর উপজেলা বিএনপি।

আজ বুধবার (২৫ সেপ্টেম্বর) বিকালে মুজিবনগর উপজেলা প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

বক্তব্যে আমিরুল ইসলাম বলেন, গত ১৮ সেপ্টেম্বর ১১০ জন সুবিধাভোগীর প্রায় ৩৩শ কেজি চাল সুবিধাভোগীদের না দিয়ে ডিলার মুজিবর রহমান উপজেলা বিএনপির নেতৃত্বে জোর করে আত্মসাৎ করার

এব্যাপারে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে জানতে চাইলে তিনি বলেন, আমি এই ব্যাপারে সুবিধাভোগী কোন ব্যাক্তির অভিযোগ পাইনি। তবে আজিমউদ্দিন নামের একব্যাক্তির অভিযোগ পেয়েছি। তদন্ত করে দেখা হচ্ছে।

দামুড়হুদা প্রেসক্লাবের সহসভাপতি-সম্পাদক কে বন্ধু মহলের শুভেচ্ছা

ঐতিহ্যবাহী দামুড়হুদা প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ ও সাধারণ সম্পাদক মুরশেদ বীর ফয়সাল (তানজির) কে বন্ধুদের পক্ষ থেকে ফুলেল শুভেচছা জানিয়েছেন বন্ধু মহল।

আজ শুক্রবার বিকেল আনুমানিক ৫টার দিকে দামুড়হুদার শিবনগর ডিসি ইকো পার্কে আনুষ্ঠানিক ভাবে ফুলেল শুভেচছা দেয়া হয়।

এসময় উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার মো:ইমরান হোসেন, ইঞ্জিনিয়ার আক্তার হোসেন, দৈনিক জনতার ইশতেহার প্রত্রিকার সম্পাদক-প্রকাশক মো:আবু হানিফ, ঠিকাদার শাকিল হোসেন, আল জার্জিস, রুবেল প্রমুখ।

দামুড়হুদা প্রেসক্লাবের নবনির্বাচিত সভাপতিকে ফুলেল শুভেচ্ছা

এস এসসি ৯২ ব্যাচের পক্ষ থেকে ৯২ ব্যাচের বন্ধু দামুড়হুদা প্রেসক্লাবের নবনির্বাচিত সভাপতি শামসুজ্জোহা পলাশকে ফুলেল

শুভেচ্ছা দিয়েছেন।

গতকাল বৃহস্পতিবার বিকাল ৫ টার দিকে দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের হলরুমে এ শুভেচছা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন এস এসসি ৯২ ব্যাচ দামুড়হুদা উপজেলার সভাপতি নাসির উদ্দিন, সিনিয়র সহ-সভাপতি শামসুজ্জোহা পলাশ, সিনিয়র সহ-সভাপতি আব্দুল হালিম ভুট্টু, সহ-সভাপতি ইনামুল করিম শাহ ইনু, সাইফুল ইসলাম মজিবার হালসোনা জাহাঙ্গীর হোসেন লিটন তাহাজ উদ্দিন তাজু,আব্দুল মমিন, একরামুল হক মেম্বার।

সাধারণ সম্পাদক আল হেলাল রাজা, সিনিয়র যুগ্ম সম্পাদক মাহফুজুর রহমান বেল্টু, যুগ্ন সাধারণ সম্পাদক, আলাউল হক, আসাদুর রহমান বাদশা, আব্দুর রশিদ, আব্দুল গাফফার শক্তি, আসলাম উদ্দীন, ইকবল হোসেন, একরামুল হক লিটন, সাংগঠনিক সম্পাদক আব্দুল খালেক, অর্থ ও দপ্তর বিষয়ক সম্পাদক একরামুল হক।

দামুড়হুদা প্রেসক্লাবের নবনির্বাচিত সভাপতি শামসুজ্জোহা পলাশ এস এসসি ৯২ ব্যাচের সকল বন্ধুকে ধন্যবাদ জানান এবং বন্ধুত্বের বন্ধন আরো অটুট করার আহ্বান জানান।

মেহেরপুরে সাংবাদিকদের সঙ্গে নবাগত ডিসির মতবিনিময়

মেহেরপুরে কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকদের সঙ্গে জেলা বিভিন্ন বিষয় নিয়ে মতবিনিময় করেছেন নবাগত ডিসি সিফাত মেহনাজ।

আজ বুধবার বিকালে ডিসির সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ডিসি সিফাত মেহনাজের সভাপতিত্বে সাংবাদিকদেও মধ্যে বক্তব্য দেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক

মন্টু, সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম, ফারুক হোসেন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, বাংলাভিশনের স্টাফ রিপোর্টার তুহিন আরন্য, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম, বাংলা নিউজ ২৪ জেলা প্রতিনিধি জুলফিকার আলী কানন, বিজয় টিভি প্রতিনিধ তোহিদ উদ দৌলা রেজা, ঢাকা পোস্ট প্রতিনিধি আক্তারুজ্জমান, নাগরিক টিভি প্রতিনিধি রাব্বি আহমেদ, এখন টিভি প্রতিনিধি মুজাহিদ আল মুন্না, সাংবাদিক সাদ আহমেদ, আক্তার হোসেন প্রমুখ।

সাংবাদিকরা তাদের বক্তব্যে বলেন, তথ্য প্রবাহের এই যুগে নতুন ডিসির কাছে আহবান থাকবে তথ্যের প্রবাহ নিশ্চিত করে জেলার উন্নয়নে সাংবাদিকদের সাথে রাখা। মেহেরপুরের বর্তমান প্রেক্ষাপটে অনলাইন জুয়া, মাদক, আইন-শৃঙ্খলা, কৃষি, বাজার নিয়ন্ত্রণসহ বিভিন্ন বিষয়ে জেলা প্রশাসনকে কাজের বিষয়ে অগ্রাধিকারের আহবান জানান।

নবাগত ডিসি সিফাত মেহনাজ তার বক্তব্যে বলেন, আমি সরকারি কর্মকর্তা, ছাত্র প্রতিনিধি ও সাংবাদিকদের সাথে পৃথক ভাবে মতবিনিময় করেছি। আমি সাংবাদিকদের কাছে থেকে সবথেকে বেশি তথ্য পেয়েছি। সরকার আমার উপর আস্থা রেখে মেহেরপুরের ডিসি হিসেবে পদায়ন দিয়েছে। আমি মেহেরপুরকে নিজের জেলা মনে করে অগ্রাধিকার ভিত্তিতে কাজ করতে আপনাদের সহযোগীতা চাই।